# টেকসই উন্নয়ন অভিষ্ট অর্জনে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এসডিজি লক্ষ্য ৬.৫.১ (Degree of integrated water resources management implementation (0-100) এর ফোকাল সংস্থা হিসেবে দায়িত্বরত। United Nation Environment Program (UNEP) কর্তৃক সরবরাহকৃত প্রশ্নাবলী যথাযথভাবে পূরণকরতঃ এসডিজি বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে জাতিসংঘ, SDG Tracker, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে দাখিল করা হচ্ছে। ২০৩০ সালে UNEP প্রণীত গাইডলাইন অনুসারে বাংলাদেশের লক্ষ্যমাত্রা ৭০। ২০১৭ সালে UNEP প্রণীত গাইডলাইন অনুসারে বাংলাদেশের বেজলাইন  স্কোর ছিল ৫০। ২০২০ সালের অগ্রগতি প্রতিবেদন অনুযায়ী আমাদের স্কোর ৫৮, যা দক্ষিণ এশিয়ার মধ্যে সর্বোচ্চ। ২০২৩ সালের IWRM implementation অগ্রগতি প্রতিবেদনে সমন্বিত পানিসম্পদ ব্যবস্থাপনা বাস্তবায়নের কর্মপরিকল্পনা (IWRM Action Plan) প্রস্তুত করা হয়েছে। ২০২৩ সালের অগ্রগতি প্রতিবেদন অনুযায়ী বাংলাদেশের স্কোর ৬৪। ২০২৫ সালে বাংলাদেশের IWRM বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ছিল ৬০, যা ২০২৩ সালেই বাংলাদেশ অতিক্রম করেছে। পরবর্তী অগ্রগতি প্রতিবেদন ২০২৬ সালে প্রণয়ন করা হবে।  ২০১৭, ২০২০ এবং ২০২৩ সনের সাব-সেকশন (Enabling environment, Institutions and participation, Management instruments, Financing) অনুযায়ি বাংলাদেশের স্কোরের তুলনা ছক-১ এ উল্লেখ করা হলো।

**ছক-১: ২০১৭, ২০২০ এবং ২০২৩ সনের বাংলাদেশের স্কোরের তুলনা**

| জরিপ সময় | Enabling environment | Institutions and participation | Management instruments | Financing | স্কোর |
|---|---|---|---|---|---|
| বেজলাইন, ২০১৭ | ৫০ | ৪৯ | ৫৬ | ৪৫ | ৫০ |
| জরিপ, ২০২০ | ৫৯ | ৬০ | ৬১ | ৫০ | ৫৮ |
| জরিপ, ২০২৩ | ৬৬ | ৬৭ | ৬৭ | ৫৭ | ৬৪ |

**এসডিজি’র অভীষ্টের সহিত বাপাউবো’র প্রকল্পসমূহের সমন্বয়ঃ**

পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রধান এবং একমাত্র বাস্তবায়নকারী সংস্থা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। বন্যা নিয়ন্ত্রণ, নিষ্কাশন ও সেচ, নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ, ব-দ্বীপ উন্নয়ন ও ভূমি পুনরুদ্ধার, নদ-নদী ড্রেজিং/পুনঃখনন ইত্যাদি বিষয়ে বাপাউবো প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন ও পরিচালন করে দেশব্যাপী সেচ, জলাবদ্ধতা নিরসন, বন্যা প্রতিরোধ, নদী তীর ভাঙ্গন প্রতিরোধ, ব-দ্বীপ উন্নয়ন ও ভূমি পুনরুদ্ধার, নদ-নদীর নাব্যতা ও পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি ইত্যাদি সেবাসমূহ প্রদান করে থাকে। এছাড়াও, দেশব্যাপী বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ সেবাও বাপাউবো প্রদান করে থাকে। বিভিন্ন প্রকল্পের সাথে এসডিজি’র  অভীষ্টের সাথে সংগতিপূর্ণ তা নিম্নলিখিত ছকে উল্লেখ করা হলো

| ক্রঃনং | প্রকল্পের ধরণ | এসডিজি |
|---|---|---|
| ০১ | সেচ প্রকল্প | ১.৫, ২.৪, ৬.৪, ৬.৫, ৬.৬, ১১.৫, ১২.২, ১৫.১ |
| ০২ | বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন | ১.৫, ২.৪, ৬.৪, ৬.৫, ৬.৬, ১১.৫, ১৫.১ |
| ০৩ | বন্যা নিয়ন্ত্রণ, নিষ্কাশন ও সেচ | ১.৫, ২.৪, ৬.৪, ৬.৫, ৬.৬, ১১.৫, ১২.২, ১৫.১ |
| ০৪ | বন্যা নিয়ন্ত্রণ, নিষ্কাশন, সেচ ও ড্রেজিং | ১.৫, ২.৪, ৬.৪, ৬.৫, ৬.৬, ১১.৫, ১২.২, ১৩.১, ১৫.১ |
| ০৫ | রিভার ম্যানেজম্যান্ট/নদী ব্যবস্থাপনা | ১.৫, ২.৪, ৬.৪, ৬.৫, ৬.৬, ১২.২, ১৫.১ |
| ০৬ | নদী পুনরুদ্ধার | ১.৫, ৬.৩, ৬.৫, ৬.৬, ১১.৫, ১৫.১ |
| ০৭ | সমন্বিত পানিসম্পদ ব্যবস্থাপনা | ১.৫, ২.৩, ৬.৪, ৬.৫, ৬.৬, ১১.৫, ১২.২, ১৩.১, ১৫.১, ১৫.৩ |
| ০৮ | ড্রেজিং/খনন | ১.৫, ২.৪, ৬.৫, ৬.৬, ১২.২, ১৫.১ |
| ০৯ | প্রতিরক্ষা/নদী তীর সংরক্ষণ কাজ | ১.৫, ২.৪, ৬.৫, ৬.৬, ১১.৫, ১২.২ |

| | | |
|---|---|---|
| ১০ | উপকূলীয় বাঁধ উন্নয়ন / হাওর ব্যবস্থাপনা | ১.৫, ২.৪, ৫.৫, ৬.৪, ৬.৫, ৬.৬, ১১.৫, ১৩.১, ১৪.১, ১৪.২, ১৫.১ |
| ১১ | পোল্ডার পুনবার্সন | ১.৫, ২.৪, ৬.৫, ৬.৬, ১২.২, ১৩.১, ১৫.১ |
| ১২ | চর উন্নয়ন ও বসতি স্থাপন | ১.৫, ২.৪, ৫.৫, ৬.৫, ৬.৬, ১১.৫, ১৩.১, ১৪.১, ১৪.২, ১৫.১ |
| ১৩ | ক্রস ড্যাম নির্মাণ | ১.৫, ২.৩, ৬.৫, ৬.৬, ১৩.১, ১৫.৩ |
| ১৪ | অন্যান্য প্রকল্প | ৬.৫ |